

“শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা
www.bmet.gov.bd



সেপ্টেম্বর/২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব মোঃ শহীদুল আলম এনডিসি (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
তারিখ : ১২/০৯/২০২২ খ্রিঃ, সকাল ১০.০০ টা
সভার স্থান : বিএমইটি'র সম্মেলন কক্ষ

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে সকলকে নিষ্ঠা, সততা ও দক্ষতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহবানসহ বিএমইটি'র সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহবান জানান।

০২। বিগত আগস্ট/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয়। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০১। প্রশাসন ও অর্থ শাখার কার্যক্রম:

১.১ APA/NIS লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত :

সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA/NIS) ও উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, ২০২২-২৩ অর্থ বছরের APA লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নকারী শাখা অনুযায়ী বিভাজন করে ২/১ দিনের মধ্যে সকল শাখায় প্রেরণ করা হবে।

সিদ্ধান্ত-১.১: ২০২২-২৩ APA/NIS এর কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নকারী শাখা অনুযায়ী বিভাজন করে দ্রুত সকল শাখায় প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে: পরিচালক (সকল), প্রকল্প পরিচালক (সকল), ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA/NIS)।

১.২ নিয়োগ বিধি সংক্রান্ত:

১.২.১: সভায় পরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, বিএমইটি'র নিয়োগবিধি চূড়ান্ত করণের একটি সভা গত ৩০/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

সিদ্ধান্ত- ১.২.১: নিয়োগবিধি চূড়ান্তকরণ সংক্রান্ত কার্যক্রম মনিটরিংয়ে লিয়াজো অফিসার নিয়োগের সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত- ১.২.২: নিয়োগ বিধিটি পাশ হলে ১০৭৬ টি পদে জনবল নিয়োগের বিষয়ে ২/৩ ক্যাটাগরিতে বিভাজন করে নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ)।

১.৩ PDS বাস্তবায়ন সংক্রান্ত :

সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, STEP এর সহায়তায় Leads Corporation কর্তৃক Human Resoures Development Software মডিউল Enhancement অনুযায়ী PDS এ ১১/০৯/২০২২ পর্যন্ত ২৫৬১টি পূরণকৃত পদের মধ্যে ২৫২৩টি ডাটা এন্ট্রি হয়েছে এবং এখনও যারা ডাটা আপলোড করেননি তাদেরকে পত্র দিয়ে অবগত করা হয়েছে।

সিদ্ধান্ত -১.৩: PDS এ এখনও যারা ডাটা আপলোড করেন নাই তাদের দ্রুততম সময়ের মধ্যে ডাটা আপলোডের নির্দেশনা দেওয়া হয়। এ সময়ের মধ্যে ডাটা আপলোড না করলে তাদের বিষয়ে কারণ দর্শাণের নোটিশ দেওয়ার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: প্রশাসন ও অর্থ শাখা, বিএমইটি।

আইটি শাখা:

১.৪ বিএমইটি'র সার্ভার সংক্রান্ত :

বিএমইটি'র সার্ভার ব্যবস্থাপনার বিষয়ে সিস্টেম এনালিস্ট জানান যে, সার্ভারে ডাটা স্টোরেজ এর সমস্যার কারণে PDS এর ডাটা সংরক্ষণে সমস্যার সৃষ্টি হচ্ছে। সার্ভারে নতুন পাওয়ার সাপ্লাই, নেটওয়ার্ক সুইচ, ইক্যুপমেন্ট সংযোজনের প্রয়োজনীয়তার উল্লেখ করেন।

সিদ্ধান্ত- ১.৪: বিএমইটি'র সার্ভার বিষয়ে একটি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিএমইটি'র যে সকল ফান্ডে অর্থ উদ্বৃত্ত রয়েছে এবং উন্নয়ন খাতের বাজেট দিয়ে সার্ভার ব্যবস্থাপনা শক্তিশালী করণের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: প্রশাসন ও অর্থ এবং আইটি শাখা।

১.৫ বিএমইটি'র সমন্বয় সভায় সকলের অংশগ্রহণ সংক্রান্ত :

সভায় জানানো হয় বিএমইটি'র সভা/সেমিনারে শতভাগ উপস্থিতি নিশ্চিত হয়না। অনেক কর্মকর্তা দাপ্তরিক কাজে বাইরে থাকার কারণে সভায় উপস্থিত হতে পারেনা।

সিদ্ধান্ত- ১.৫: বিএমইটি'র সভায় শতভাগ উপস্থিতি নিশ্চিত করণের উদ্দেশ্যে যেসকল কর্মকর্তা অনিবার্য কারণে উপস্থিত হতে পারেনা সেসকল কর্মকর্তা অনলাইনে সভায় যুক্ত থাকার নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (সাধারণ সেবা) এবং সিস্টেম এনালিস্ট।

সাধারণ সেবা)

১.৬ জ্বালানী ব্যয় সাশ্রয় সংক্রান্ত :

সভায় উপপরিচালক (সাধারণ সেবা) বলেন, বাজেটের স্বল্পতা এবং জ্বালানী তেল/গ্যাস এর মূল্য বৃদ্ধিতে বিএমইটি'র পরিবহনপুলের গাড়ীগুলোর জ্বালানী সরবরাহ বিঘ্নিত হচ্ছে। নির্দেশনা অনুযায়ী জ্বালানী সাশ্রয়ের জন্য কর্মকর্তা/কর্মচারীগণ এবং গাড়ীচালকগণকে পত্র দ্বারা অবহিত করা হয়েছে।

সিদ্ধান্ত- ১.৬: বিএমইটি এবং অধীনস্থ অফিসসমূহের পরিবহনপুল গাড়ীগুলোর জ্বালানী তেলের খরচ ২৫% কমানো এবং জ্বালানী তেলের খরচ ৫০% এ নেমে আনার নির্দেশনা প্রদান করা হয়। গাড়ীর জ্বালানী তেল/গ্যাস ব্যবহারের অপচয় বন্ধ করতে হবে। অর্থ বছরের বাজেট সমন্বয় এর জন্য প্রয়োজনে মাসে ২/৩ দিন গাড়ী বন্ধ থাকবে। অতিরিক্ত গাড়ী থাকলে জ্বালানী নিজ খরচে চালাতে হবে।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপপরিচালক (সাধারণ সেবা)

০২। বহির্গমন শাখার কার্যক্রমঃ

২.১ বহির্গমন শাখার জনসমাগম সুসংস্থল করানো এবং ফাইলিং সিস্টেমসহ বহির্গমন শাখার সার্ভিস সংক্রান্ত:

সহকারী পরিচালক (বহির্গমন) সমন্বয় সভায় জানান যে, বহির্গমন শাখায় ডাটা এন্ট্রি অপারেটরদের সিসি ক্যামেরায় আওতায় আনা হয়েছে। তিনি আরও জানান যে, স্মার্ট কার্ডগুলো শেষের দিকে হওয়ার কারণে দেরি হয়ে যায়। তিনি বহির্গমন শাখায় আধুনিকায়নের প্রয়োজনীয়তার কথা বলেন।

সিদ্ধান্ত - ২.১: বহির্গমন শাখার ছাড়পত্র প্রদানের বিষয়টি এ মাসের মধ্যে অনলাইন করার সিদ্ধান্ত হয়। স্মার্ট কার্ডকে স্মার্ট সার্টিফিকেটে রূপান্তর করতে হবে। ছাড়পত্রে অথরাইজড অফিসার অ্যাম্বুশ পুশ করবেন। ছাড়পত্র প্রদানের বিষয়ে যার যে দায়িত্ব তা সঠিকভাবে পালনের নির্দেশনা দেওয়া হয়। সরকারী নিয়মানুযায়ী বিকাল ৩.০০ টার পর সার্ভার বন্ধ থাকবে। বহির্গমন শাখায় আধুনিকায়নের কাজ দ্রুত করার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (বহির্গমন ও প্রটোকল) এবং সিস্টেম এনালিস্ট।

০৩। কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ

৩.১ রিক্রুটিং এজেন্সির প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত:

উপপরিচালক (কর্মসংস্থান) সভায় জানান যে, রিক্রুটিং এজেন্সির প্রতিনিধির মনোনয়ন বিষয়ে গাইড লাইন প্রস্তুত করা হয়েছে যা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে আদেশ জারি করা হয়েছে। অনলাইন প্রতিনিধি মনোনয়ন আবেদন গ্রহণের জন্য ইমেইল আইডি ও পাসওয়ার্ড প্রস্তুত করা হয়েছে। সার্ভারে নির্দিষ্ট লিংক করার পূর্ব পর্যন্ত ইমেইলে গাইড লাইন অনুযায়ী তথ্যসহ আবেদন গ্রহণের প্রাথমিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। একটি ইমেইল আইডি প্রস্তুত করে উক্ত আইডিতে আবেদন গ্রহণ করা হবে। সার্ভার প্ল্যাটফর্ম প্রস্তুতের পূর্ব পর্যন্ত ইমেইল প্ল্যাটফর্ম-এ/ই-নথির মাধ্যমে আবেদন নিষ্পন্ন করা হবে।

সিদ্ধান্ত - ৩.১: রিক্রুটিং এজেন্সির প্রতিনিধির মনোনয়নের বিষয়ে প্রস্তুতকৃত গাইডলাইন অনুযায়ী প্রতিনিধি মনোনয়নের আবেদন গ্রহণ করে মহাপরিচালক বিএমইটি'র নিকট উপস্থাপন করে অনুমোদন গ্রহণের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (কর্মসংস্থান)

৩.২ রিক্রুটিং এজেন্সির লাইসেন্স বহি সংক্রান্ত :

সভায় উপপরিচালক (কর্মসংস্থান) জানান যে, কর্মসংস্থান, প্রশাসন ও অর্থ এবং বহির্গমন শাখার সমন্বয়ে মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকগণের উপস্থিতিতে সাধারণসেবা কর্তৃক আহবানকৃত সভা অনুষ্ঠিত হয়েছে। ডেন্ডর ডিজিটাল লাইসেন্স বুক এর ডিজাইন প্রস্তুত করে ডেমো প্রদর্শন করেছেন। পরবর্তীতে পুনরায় তাঁকে নিয়ে কর্মসংস্থান শাখায় উপপরিচালক পর্যায়ে কনটেন্টসহ আরেকটি অনানুষ্ঠানিক সভা হয়েছে। তিনি দ্রুতই ডিজাইন প্রেরণ করবেন বলে জানিয়েছেন। এ পর্যন্ত ডিজাইন পাওয়া যায়নি। তাঁর সাথে যোগাযোগ করা হলে দ্রুতই ডিজাইন প্রেরণ করবেন মর্মে জানিয়েছেন। তবে এটি তুলনামূলকভাবে সময় সাপেক্ষ।

সিদ্ধান্ত - ৩.২: রিক্রুটিং এজেন্সির লাইসেন্স বহি এর পরিবর্তে ডিজিটাল লাইসেন্স করার বিষয়ে পরবর্তীতে আলোচনা করার সিদ্ধান্ত হয়। রিক্রুটিং এজেন্সির সকল তথ্য সার্ভারে থাকবে। রিক্রুটিং এজেন্সির তথ্য সার্ভারে আপলোড করার তাগিদ দেওয়া হয়। লাইসেন্স শাখার কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে সচল রাখার জন্য ন্যূনতম ৫০০টি লাইসেন্স বই বিজিপ্রেস থেকে মুদ্রণের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (কর্মসংস্থান) এবং পরিচালক (প্রশাসন ও অর্থ)।

০৪। গবেষণা সেল এর কার্যক্রমঃ

৪.১ গবেষণা সেল এর সম্পাদিত কার্যক্রম সমন্বয় সভায় উপস্থাপন সংক্রান্ত:

সভায় আলোচকগণ বিএমইটি'র গবেষণা সেল এর সম্পাদিত কার্যক্রমসমূহ সমন্বয় সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করেন।

সিদ্ধান্ত - ৪.১: গবেষণা সেলের ToR অনুযায়ী সম্পাদিত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: গবেষণা সেল, বিএমইটি।

৪.২ বিএমইটি'র "সুবর্ণ সাফল্য" History বই প্রকাশ সংক্রান্ত:

সভায় আলোচকগণ বিএমইটি'র জন্মলগ্ন থেকে বর্তমান সময়কাল পর্যন্ত বিএমইটি'তে কর্মকর্তাগণের তথ্য, কার্যক্রম, সাফল্য, কর্মকর্তাগণের পদায়নের অফিস আদেশ, রিক্রুটিং এজেন্সির তথ্য, বহির্গমন তথ্যসহ যাবতীয় কার্যক্রমের তথ্যসম্বলিত একটি History বই প্রকাশের উপর গুরুত্ব আরোপ করেন।

সিদ্ধান্ত - ৪.২: বিএমইটি সম্পর্কিত বিষয়গুলো নিয়ে ৩০০/৪০০ পাতার সাফল্যের একটি বই প্রকাশের সিদ্ধান্ত হয়। বইটির নামকরণ হবে "সুবর্ণ সাফল্য"। বই এ অন্তর্ভুক্ত হবে বিএমইটি'তে কর্মকর্তাগণের তথ্য, কার্যক্রম, সাফল্য, কর্মকর্তাগণের পদায়নের অফিস আদেশ, রিক্রুটিং এজেন্সির তথ্য, বহির্গমন তথ্যসহ যাবতীয় কার্যক্রমের তথ্যসম্বলিত একটি History।

বাস্তবায়নে: গবেষণা সেল, বিএমইটি।

০৫। প্রশিক্ষণ শাখার কার্যক্রমঃ

৫.১ NTVQF/RPL প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত :

সভায় উপপরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালায় NTVQF এর আওতায় Level কোর্স পরিচালনার সক্ষমতার বিষয়ে টিটিসি/আইএমটিসমূহ সার্ভে করে একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। কোন টিটিসি কিকি Level চালাবে তার সক্ষমতা জানাবে। সক্ষমতা অনুযায়ী ডিসেম্বর হতে টিটিসিসমূহে কোর্স পরিচালনা করা হবে।

সিদ্ধান্ত - ৫.১: NTVQF/RPL এর আওতায় Level-1 এবং Level-2 কোর্স পরিচালনার বিষয়ে টিটিসি/আইএমটিসমূহের অধ্যক্ষগণ RTO বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদনের জন্য উদ্যোগ গ্রহণ করবেন। ৩৬০ ঘন্টার ৬মাসের কোর্সের বিষয়ে একটি প্রস্তাবনা তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। ৩৬০ ঘন্টার ৬মাসের কোর্সের বিষয়ে বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের সাথে আলোচনা করার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) ও পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)।

০৬। প্রশিক্ষণ মান ও পরিকল্পনা শাখার কার্যক্রমঃ

৬.১ টিটিসি ও আইএমটি সমূহে সকল কোর্সের Industrial Attachment সংক্রান্ত :

সভায় অধ্যক্ষ, বিজিটিটিসি, জানান বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের শিক্ষাক্রমে পরিচালিত কোর্সসমূহের Industrial Attachment করার বিষয়ে নীতিমালা থাকলেও বিএমইটি কর্তৃক পরিচালিত কোর্স সমূহের Industrial Attachment করার বিষয়ে সুনির্দিষ্ট কোন গাইডলাইন নাই। তিনি বিএমইটি কর্তৃক পরিচালিত কোর্স সমূহের Industrial Attachment করার বিষয়ে একটি গাইডলাইন থাকার প্রয়োজনীয়তা তুলে ধরেন।

সিদ্ধান্ত - ৬.১: সকল টিটিসি ও আইএমটি সমূহে সকল প্রশিক্ষণার্থীদেরকে Industrial Attachment করানোর বিষয়ে কখন, কোথায় এবং কত সময়ে করতে হবে সে সকল বিষয়ে একটি গাইডলাইন করার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)

০৭। কেরানীগঞ্জ টিটিসি'র কার্যক্রমঃ

৭.১ সভায় অধ্যক্ষ, কেরানীগঞ্জ টিটিসি, জানান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৬টি ট্রেডে RTO অনুমোদন হয়েছে। কেরানীগঞ্জ টিটিসিতে ওয়েল্ডিং ট্রেডে প্রশিক্ষার্থীর ব্যাপক চাহিদা রয়েছে। কিন্তু শিক্ষক স্বল্পতার কারণে ওয়েল্ডিং ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হচ্ছে। তিনি কেরানীগঞ্জ টিটিসিতে ওয়েল্ডিং ট্রেডে প্রশিক্ষক পদায়নের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত - ৭.১: কেরানীগঞ্জ টিটিসিতে ওয়েল্ডিং ট্রেডে প্রশিক্ষক পদায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ), পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা), অধ্যক্ষ, কেরানীগঞ্জ টিটিসি।

০৮। প্রকল্পসমূহের কার্যক্রমঃ

৮.১ '৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পঃ:

সভায় উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন জানান '৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পটির বাজেট প্রাপ্তি সাপেক্ষে ফিজিবিলিটি স্টাডি করানোর নিমিত্ত বাজেট বরাদ্দে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।

সিদ্ধান্ত - ৮.১: প্রকল্পটির ফিজিবিলিটি স্টাডির জন্য বাজেট বরাদ্দ সাপেক্ষে ফিজিবিলিটি স্টাডির কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন।

৮.২ 'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পঃ

সভায় উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন জানান যে, 'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পটি পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে ৩১/০৮/২০২২ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মন্ত্রণালয় হতে ০১/০৯/২০২২ খ্রিঃ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত - ৮.২: প্রকল্পটি পরিকল্পনা কমিশনের মাধ্যমে একনেক সভায় অনুমোদিত হলে অনুমোদিত ডিপিপি'র নির্দেশনা মোতাবেক প্রকল্প বাস্তবায়ন করা হবে।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) ও উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন

৮.৩ 'SEIP ও KOICA' এর অর্থায়নে ৩টি টিটিসি'র আধুনিকায়ন শীর্ষক কার্যক্রমঃ

সভায় 'SEIP ও KOICA' এর অর্থায়নে বাংলাদেশ-জার্মান, খুলনা ও সিলেট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের আধুনিকায়ন বিষয়ে যে সকল কার্যক্রম চলমান রয়েছে সে বিষয়ে আলোচনা করা হয়। SEIP এর অর্থায়নে ৩টি টিটিসি'র অবকাঠামোগত উন্নয়ন, যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। বর্ণিত কার্যক্রম SEIP এর মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। অপরদিকে KOICA এর অর্থায়নে বর্ণিত ৩টি টিটিসি'র CS, CBC, CBLM ও Assessment Tools প্রস্তুতসহ প্রশিক্ষকদের মানোন্নয়নের জন্য দেশ-বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হবে। বর্ণিত কার্যক্রম KOICA কর্তৃক নিয়োজিত প্রতিষ্ঠান KPC এর মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে।

সিদ্ধান্ত - ৮.৩: প্রকল্পটির অধীনে কোন টিটিসিতে কি পর্যায়ের অগ্রগতি হয়েছে তার তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন।

০৯। 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প'

৯.১: প্রকল্প পরিচালক (দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প) সভায় 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প'র অধীনে কত জন প্রশিক্ষণার্থী ভর্তি হয়েছেন, তন্মধ্যে বিআরটিএ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, কতজন লাইসেন্স প্রাপ্ত হয়েছেন এবং কতজন স্মার্ট কার্ড পেয়েছেন তার তথ্য উপস্থাপন করেন।

সিদ্ধান্ত - ৯.১: 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প'র অধীনে প্রশিক্ষণার্থী ভর্তি এবং উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের মধ্য হতে কতজন চাকুরী পেয়েছে তার তথ্য সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। দুবাই ট্যাক্সি ড্রাইভার নিয়োগের সময় টিটিসি/আইএমটিসমূহ পরিচালিত 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প' হতে পাশকৃত প্রশিক্ষার্থীদেরকে Dubai Taxi Cab এ নিয়োগের নিমিত্তে রিক্রুটিং এজেন্সিকে ১০% কোটা সংরক্ষনের জন্য পত্র দেওয়ার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক (দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প)

১০। '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্প :

১০.১: প্রকল্প পরিচালক (৪০টি টিটিসি শীর্ষক প্রকল্প) সভায় জানান '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পের ২৪টি টিটিসি গত ২৮/০৭/২০২২ খ্রিঃ তারিখে ওসমানী স্মৃতি মিলনাতয়নে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন



করা হয়েছে। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক ২৪টি টিটিসি সফলভাবে উদ্বোধন করার প্রকল্প সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ লেটার মহাপরিচালক মহোদয় কর্তৃক প্রদানের বিষয়ে বলেন।

সিদ্ধান্ত - ১০.১: '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পের ২৪টি টিটিসি মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক সফলভাবে উদ্বোধনের জন্য প্রকল্প সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ লেটার দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে: প্রকল্প পরিচালক (৪০টি টিটিসি শীর্ষক প্রকল্প) ও পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)

১১। ডিইএমও, ঢাকা'র কার্যক্রম:

১১.১: ঢাকা ডিইএমও এর সহকারী পরিচালক সভায় জানান, ডিইএমও ঢাকা এবং গাজীপুর অফিসে জনবল সংকটের বিষয়টি তুলে ধরে ঐ দুই অফিসে জনবল পদায়নের প্রস্তাব করেন। তিনি আরও জানান ঢাকা ডিইএমও এর করিডোর, বাথরুম জরুরী ভিত্তিতে মেরামতের জন্য বারংবার ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডকে জানানো হলেও অদ্যাবধি তা সংস্কার করা হয়নি। তিনি ডিইএমও এর মাধ্যমে ভিসা চেক এর ব্যবস্থাকরণের কথা বলেন।

সিদ্ধান্ত -১১.১: ঢাকা ডিইএমও এর সংস্কার প্রস্তাব বিএমটি'র মাধ্যমে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ঢাকা ডিইএমও ও গাজীপুরে জনবলের পদায়নের সিদ্ধান্ত হয়। অনলাইন ভিসা চেকিং এর বিষয়ে বিএমটি'তে প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত হয়। বাস্তবায়নে: পরিচালক (বহির্গমন) এবং সহকারী পরিচালক, ডিইএমও, ঢাকা।


১২। জনশক্তি ক্রীড়া ও সাংস্কৃতিক ফোরাম এর কার্যক্রম:

১২.১: সভায় জানানো হয় ১৩/০৯/২০২২ তারিখে "জনশক্তি ক্রীড়া ও সাংস্কৃতিক ফোরাম" এর উদ্যোগে সিলেট ও সুনামগঞ্জে বন্যার্থ দরিদ্র ছাত্র/ছাত্রীদের মাঝে সাইকেল বিতরণ করা হবে। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জনাব মোঃ শহীদুল আলম এনডিসি উক্ত বিতরণ অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

সিদ্ধান্ত -১২.১: "জনশক্তি ক্রীড়া ও সাংস্কৃতিক ফোরাম" এর উদ্যোগে বছরে কল্যাণমূলক ২/৩ টি কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: সভাপতি/সদস্য সচিব, "জনশক্তি ক্রীড়া ও সাংস্কৃতিক ফোরাম"।

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ শহীদুল আলম, এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৪৯৩৪৯৯২৫ (অফিস)

Email-dg@bmet.org.bd.

তারিখ: ২৬ .০৯.২০২২ খ্রিঃ।

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০০২.২২. ২২৬০

অনুলিপিঃ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (সকল) বিএমইটি, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অধ্যক্ষ, আইএমটি/ বিআইএমটি/ টিটিসি (সকল)।
৬. উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
৭. উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা।
৯. সহকারী পরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
১০. পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
১১. সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর, ঢাকা।
১২. সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. মাস্টার নথি/২০২২।